দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে তারিনীপুর ইয়াংষ্টার ক্লাব বিজয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের ৬ষ্ঠ ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

জয়রামপুর ইউথ ক্লাব মাঠে টুর্নামেন্টের ৬ষ্ঠ ম্যাচে মুখোমুখি মাঠে নামে তারিনীপুর ইয়াংষ্টার ক্লাব বনাম লোকনাথপুর একাদশ। খেলায় লোকনাথপুর একাদশ কে ১-০গোলে হারিয়ে জয়ের লক্ষে পৌঁছে যায় তারিনীপুর ইয়াংষ্টার ক্লাব।

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে বিশেষ অতিথি সামসুল আলমের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় তারিনীপুর ইয়াংষ্টার ক্লাবের অধিনায়ক ১০নং জার্সি পরিহিত রায়হান কে । জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, রাজীব, স্বপন,রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ। ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল।